বুধবার
২৩ অক্টোবর ২০১৯

পঞ্চমবারের মতো সান ফাউন্ডেশনের উদ্যোগে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট'

লোকসংগীত বাঙালি জাতির সংস্কৃতি আর ঐতিহ্যে হাজার বছর ধরে প্রবাহমান। সংগীতের এ ধারায় মিশে আছে জীবনের গভীর দর্শন, আধ্যাত্মিকতা, প্রেম আর মাটির ঘ্রাণ। লোকগানের সুর-সুধা বিশ্ব দরবারে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে সান ফাউন্ডেশনের উদ্যোগে ২০১৫ সাল থেকে প্রতি বছর আয়োজিত হয়ে আসছে এশিয়ার সবচেয়ে বড় লোকসংগীতের অনুষ্ঠান 'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট'। এ বছর অনুষ্ঠিত হতে যাচ্ছে উৎসবের পঞ্চম আসর।

গত চার বছরের পরিক্রমায় সংগীতপ্রেমীদের আগ্রহের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে 'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট'। লোকসংগীতের এ মহাযজ্ঞ অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী ১৪-১৬ নভেম্বর, ২০১৯ বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে সন্ধ্যা ৬.০০টা থেকে রাত ১২.০০টা পর্যন্ত। এই উৎসবে দর্শকরা উপভোগ করবেন দেশ বিদেশের সেরা লোকসংগীতশিল্পীদের শেকড় সন্ধানী গান।

এবারের আসরে বাংলাদেশসহ বিশ্বের ৬টি দেশ থেকে ২০০ জনের বেশি লোকশিল্পী ও কলাকুশলী জড়ো হচ্ছেন একই মঞ্চে। উল্লেখযোগ্য শিল্পীরা হলেন বাংলাদেশের শাহ্ আলম সরকার, মালেক কাওয়াল, কাজল দেওয়ান, ফকির শাহাবুদ্দিন, চন্দনা মজুমদার, বাউলিয়ানা'র কামরুজ্জামান রাব্বি ও শফিকুল ইসলাম, প্রেমা ও ভাবনা নৃত্য দল; ভারতের দালের মেহেন্দি, পাকিস্তানের জুনুন ও হিনা নাসরুল্লাহ্, রাশিয়ার সাত্তুমা, জর্জিয়ার শেভেনেবুরেবি এবং মালি থেকে হাবিব কইটে অ্যান্ড বামাদা।

প্রতিবারের মতো এবারও দর্শকরা বিনামূল্যে শুধুমাত্র অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে অনুষ্ঠানটি সরাসরি উপভোগ করতে পারবেন। রেজিস্ট্রেশন চলবে ৬ নভেম্বর থেকে ১০ নভেম্বর পর্যন্ত। এজন্য দর্শকদের dhakainternationalfolkfest.com ওয়েবসাইটটিতে গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য পাসপোর্ট সাইজ ছবি এবং জাতীয় পরিচয়পত্র/ ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্টের স্ক্যান কপি প্রয়োজন হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে দর্শকের ই-মেইলে পৌঁছে যাবে তিন দিনের তিনটি ভিন্ন ভিন্ন এন্ট্রি পাস। উৎসবস্থলের প্রবেশপথে প্রতিদিন প্রিন্টকৃত এন্ট্রি পাসটি দেখিয়ে প্রবেশ করতে হবে।

'ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট' সবার উৎসব। তাই আয়োজনকে নির্বিঘ্ন করতে আপনাদের সকলের সহযোগিতা আমাদের একান্ত কাম্য। আয়োজনের প্রতিদিনের আপডেট পাওয়া যাবে ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট-এর ওয়েবসাইট এবং ফেসবুক পেইজে। এছাড়া রেজিস্ট্রেশন সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য কল করা যাবে ১৬৩৭৪ নম্বরে। অনুষ্ঠানটি টেলিভিশনে সরাসরি সম্প্রচারের দায়িত্বে থাকবে মাছরাঙা টেলিভিশন।

‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট ২০১৯’ উপলক্ষ্যে ২৩ অক্টোবর ‘ফোর পয়েন্টস বাই শেরাটন’ হোটেলে দুপুর ১২টায় একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সান ফাউন্ডেশন ও সান কমিউনিকেশনস লিমিটেড-এর চেয়ারম্যান জনাব অঞ্জন চৌধুরী, ঢাকা ব্যাংক লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর ও সিইও জনাব সৈয়দ মাহবুবুর রহমান, স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড-এর হেড অব অপারেশনস জনাব মালিক মোঃ সাঈদ এবং প্রখ্যাত লোকসংগীতশিল্পী, সংগীত গবেষক জনাব ফকির শাহাবুদ্দিন। সংবাদ সম্মেলনে অতিথিরা সবাই বাংলা লোকসংগীতের রত্নরাজিকে বিশ্বের সামনে তুলে ধরা এবং এর প্রসারের জন্য কাজ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করেন।

সান ফাউন্ডেশনের উদ্যোগে ‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট ২০১৯’-এর টাইটেল স্পন্সর মেরিল, পাওয়ার্ড বাই ঢাকা ব্যাংক লিমিটেড, সাপোর্টেড বাই রাঁধুনী, ডিজিটাল পেমেন্ট পার্টনার ডিমানি, রেজিস্ট্রেশন পার্টনার সহজ, সিকিউরিটি পার্টনার এইজিস সিকিউরিটি ফোর্স, মেডিকেল পার্টনার স্কয়ার হসপিটালস্ লিমিটেড, হসপিটালিটি পার্টনার ফোর পয়েন্টস বাই শেরাটন, রেডিও পার্টনার রেডিও দিনরাত, ইন্স্যুরেন্স পার্টনার গার্ডিয়ান লাইফ ইন্স্যুরেন্স, পিআর পার্টনার মিডিয়াকম, ব্রডকাস্ট পার্টনার মাছরাঙা টেলিভিশন এবং উৎসবের আয়োজক সান কমিউনিকেশনস লিমিটেড।

বিস্তারিত তথ্য ও ছবি পেতে ভিজিট করুন: http://dhakainternationalfolkfest.com/news-room.html